



জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ম্যানেজমেন্ট ক্লাবের উদ্যোগে ৫ আগস্ট (শনিবার) ক্যারিয়ার বিষয়ক 'ক্যারিয়ার কুয়েস্ট' কর্মশালা বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় মিলনায়তনে অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান।

ম্যানেজমেন্ট স্টাডিজ বিভাগের প্রভাষক ও ম্যানেজমেন্ট ক্লাবের উপদেষ্টা সুমন কুমার মজুমদার-এর সভাপতিত্বে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিজনেস স্টাডিজ অনুষদের ডিন ও ম্যানেজমেন্ট স্টাডিজ বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. মনিরুজ্জামান।

কর্মশালায় প্রশিক্ষক হিসেবে পররাষ্ট্র মন্ত্রণালয়ের সহকারী সচিব মোঃ আশফাকুর রহমান বিসিএস পরীক্ষার খুঁটিনাটি বিষয় নিয়ে, জাপান স্টাইল লিমিটেড-এর অপারেশন ডিরেক্টর ও জার্মান বাচার-এর সিইও কামরুল হাসান উদ্যোক্তা হওয়ার গল্প এবং একিলিস এডুকেশন-এর সিইও সুমন সেন একাডেমিক ডেভেলপমেন্ট বিষয়ে আলোকপাত করেন। এসময় ব্যবসায় শিক্ষা অনুষদের বিভিন্ন বিভাগের শিক্ষক ও শিক্ষার্থীবৃন্দ উপস্থিত ছিলেন।